# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ নাপাকী গোসল সম্পাদনকারী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো গোসলের সময় চুলের গোড়ায় খেলাল করা

## ذِكْرُ اسْتِحْبَابِ تَخْلِيلِ الْجُنُبِ أُصُولَ شَعْرِهِ عِنْدَ اغْتِسَالِهِ مِنَ الْجَنَابَةِ

আরবী

1193 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا اغْتَسَلَ مِنَ الْجَنَابَةِ بَدَأَ فَغَسَلَ يَدَيْهِ ثُمَّ تَوَضَّأَ كَمَا يَتَوَضَّأُ لِلصَّلَاةِ ثُمَّ يُدْخِلُ أَصَابِعَهُ فِي الْمَاءِ فيخلِّل بِهَا أُصُولَ شَعْرِهِ ثُمَّ يَصُبُّ عَلَى رَأْسِهِ ثَلَاثَ غَرَفَاتٍ بِيَدِهِ ثُمَّ يُفِيضُ الْمَاءَ عَلَى سائر جسده.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1193 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৯৩. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নাপাকীর গোসল করতেন, প্রথমে তিনি দুই হাত ধৌত করতেন তারপর সালাতের ওযূর ন্যায় ওযূ করতেন। তারপর তিনি তাঁর আঙ্গুলগুলো পানিতে প্রবেশ করাতেন অতঃপর তার মাধ্যমে চুলের গোড়ায় খেলাল করতেন। তারপর তাঁর মাথার উপর তিন অঞ্জলি পানি ঢেলে দিতেন। তারপর শরীরের অন্যান্য জায়গার উপর পানি ঢেলে দিতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৩৬; সহীহ বুখারী: ২৪৮; নাসাঈ: ১/১৩৪; সুনান বাইহাকী: ১/১৭৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৯৯; হুমাইদী: ১৬৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৬৩; মুসনাদ আহমাদ: ৬/১০১; সহীহ মুসলিম: ৩১৬; আবূ দাঊদ: ২৪২; তিরমিযী: ১০৪; দারেমী: ১/১৯১; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90507

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন